শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

# বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

**পবিস মানব সম্পদ পরিদপ্তর**

**সদর দপ্তর ভবন, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।**

**সহকারি জেনারেল ম্যানেজার (প্রশাসন/মানব সম্পদ), সহকারি জেনারেল ম্যানেজার (অর্থ-রাজস্ব/অর্থ-হিসাব) ও মিটার টেস্টার পদে**

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

স্মারক নং-২৭.১২.০০০০.১১০.৫১.০০৬.২০.৬৬ তারিখঃ ০৮ জানুয়ারী, ২০২০ খ্রিঃ।

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এর আওতাধীন বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে সহকারি জেনারেল ম্যানেজার (প্রশাসন/মানব সম্পদ), সহকারি জেনারেল ম্যানেজার (অর্থ-রাজস্ব/অর্থ-হিসাব) ও মিটার টেস্টার এর শূন্য পদে নিয়োগ প্রদান/প্যানেল তৈরীর জন্য প্রকৃত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে। নির্বাচিত প্রার্থী যোগদানে সম্মত হলে তাঁকে প্রথম ০১ বছরের জন্য অন-প্রবেশনে নিয়োগ করা হবে। অন-প্রবেশন উত্তীর্ণ হওয়ার পর সন্তোষজনক কর্মসম্পাদন ও আচরণ, প্রয়োজনীয় প্রশিক্ষণ এবং মোটর সাইকেল চালানোর লাইসেন্স (প্রযোজ্য ক্ষেত্রে) থাকা সাপেক্ষে নিয়মিতকরণ করা হবে। বর্ণিত পদে অনলাইনের মাধ্যমে আবেদন করতে হবে। পদের নামের পাশে শূন্য পদের সংখ্যা, প্রার্থীর বয়সসীমা, প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা, বেতন স্কেল এবং আবেদন করার যোগ্যতা উল্লেখ করা হলোঃ-

| ক্রঃ নং | পদের নাম | শূন্য পদের সংখ্যা | বয়স সীমা | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | বেতন স্কেল (পবিস বেতন কাঠামো ২০১৬ অনুযায়ী) |
|---|---|---|---|---|---|
| ০১ | সহকারি জেনারেল ম্যানেজার (অর্থ-রাজস্ব/ অর্থ-হিসাব) | ১৩ টি (কম/ বেশি) হতে পারে | ০৩/০২/২০২০ খ্রিঃ তারিখে অনূর্ধ্ব ৩০ বছর। মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ বছর এবং মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩০ বছর এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ বছর। | a) MBA with major in Accounting/ Finance.<br>OR<br>BBA (4 years course)<br>OR<br>CA (Certificate Level)/CMA (Certificate Level) with Bachelor Degree in commerce background with minimum CGPA 2.50 out of 4.00 or GPA 3.00 out of 5.00<br>b) Candidates must have minimum GPA 3.00 out of 5.00 in S.S.C & H.S.C or equivalent examinations.<br>c) Computer Literacy is a must. | অন-প্রবেশন কালীন নির্ধারিত বেতন ৪১,৮০০/- (একচল্লিশ হাজার আটশত) টাকা, তৎসহ বিধি অনুযায়ী অন্যান্য ভাতা ও সুবিধাদি প্রদান করা হবে। অন-প্রবেশন মেয়াদান্তে সংশ্লিষ্ট নীতিমালা মোতাবেক নিয়মিত হলে পবিস বেতন কাঠামো ২০১৬ অনুযায়ী ৪৩,৫০০/- (তেতাল্লিশ হাজার পাঁচশত) টাকা স্কেলে বেতন নির্ধারিত হবে। |
| ০২ | সহকারি জেনারেল ম্যানেজার (প্রশাসন/ মানব সম্পদ) | ১৮ টি (কম/ বেশি) হতে পারে | ০৩/০২/২০২০ খ্রিঃ তারিখে অনূর্ধ্ব ৩০ বছর। মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ বছর এবং মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩০ বছর এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ বছর। | a) MBA or Masters Degree in any subject<br>OR<br>Bachelor (Honors) Degree (4 years course) with minimum CGPA 2.50 out of 4.00 or GPA 3.00 out of 5.00.<br>b) Candidates must have minimum GPA 3.00 out of 5.00 in S.S.C & H.S.C or equivalent examinations.<br>c) Computer Literacy is a must | অন-প্রবেশন কালীন নির্ধারিত বেতন ৪১,৮০০/- (একচল্লিশ হাজার আটশত) টাকা, তৎসহ বিধি অনুযায়ী অন্যান্য ভাতা ও সুবিধাদি প্রদান করা হবে। অন-প্রবেশন মেয়াদান্তে সংশ্লিষ্ট নীতিমালা মোতাবেক নিয়মিত হলে পবিস বেতন কাঠামো ২০১৬ অনুযায়ী ৪৩,৫০০/- (তেতাল্লিশ হাজার পাঁচশত) টাকা স্কেলে বেতন নির্ধারিত হবে। |
| ০৩ | মিটার টেস্টার | ১০৮ টি (কম/ বেশি) | ০৩/০২/২০২০ খ্রিঃ তারিখে অনূর্ধ্ব ৩০ বছর। মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ বছর এবং মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩০ বছর এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ বছর। | (a) H.S.C or equivalent (Only Science Group).<br>(b) Minimum GPA 3.00 out of 5.00 in both S.S.C & H.S.C or equivalent examinations.<br>(c) Computer literacy is a must.<br>(d) Must have ability and willing as to learn Improved techniques of job performance;<br>(e) Must have good eyesight; | অন-প্রবেশন কালীন নির্ধারিত বেতন ১৮,৩০০/- (আঠার হাজার তিনশত) টাকা, তৎসহ বিধি অনুযায়ী অন্যান্য ভাতা ও সুবিধাদি প্রদান করা হবে। অন-প্রবেশন মেয়াদান্তে সংশ্লিষ্ট নীতিমালা মোতাবেক নিয়মিত হলে পবিস বেতন কাঠামো ২০১৬ অনুযায়ী ১৯,০৬০/ (উনিশ হাজার ষাট) টাকা স্কেলে বেতন নির্ধারিত হবে। |

০১। Online-এ আবেদনের পদ্ধতিঃ

(ক) আবেদন করতে ইচ্ছুক প্রার্থীগণ যে কোন ওয়েব ব্রাউজারের মাধ্যমে http://brebhr.teletalk.com.bd ঠিকানায় গিয়ে Online Application Form পূরণপূর্বক রেজিস্ট্রেশনের কার্যক্রম সম্পন্ন করতে পারবেন।

(খ) Application Form পূরণ করার সময় প্রার্থীকে অবশ্যই Mandatory (লাল তারকা চিহ্নিত) Field গুলো পূরণ করতে হবে।

(গ) Application Form এ Color Photo এবং Signature Upload করার জন্য ৩০০× ৩০০ Pixel কালার ছবি যা ১০০ KB এর অধিক হবে না এবং সাদা কাগজে প্রার্থীর স্বহস্তে স্বাক্ষর করতে হবে (টাইপ/মুদ্রণ নয়) যা ৩০০× ৮০ Pixel হতে হবে এবং কোনভাবেই ৬০KB এর অধিক হবে না।

(ঘ) সঠিকভাবে Application Form পূরণের পর প্রার্থীকে Submit বাটন-এ ক্লিক করে চূড়ান্তভাবে Application Form Submit করতে হবে।

(ঙ) চূড়ান্তভাবে Submission করার পরে User ID (যা এসএমএস এর মাধ্যমে টাকা প্রদানের সময় ব্যবহার করতে হবে) সহ প্রার্থী একটি Applicant's Copy পর্দায় দেখতে পাবেন এবং তা প্রিন্ট করে সংরক্ষণ করবেন।

(চ) অতিরিক্ত তথ্য পাওয়ার জন্য বাপবিবোর্ডের ওয়েব সাইট (http://www.reb.gov.bd) নিয়মিত Visit করতে হবে। তাছাড়া আবেদন ফরম পূরণের ক্ষেত্রে কোন অসুবিধার সম্মুখীন হলে টেলিটক সিম হতে ১২১ এ কল করুন অথবা কাস্টমার কেয়ারে যোগাযোগ করতে হবে।

(ছ) পরীক্ষার ফি জমা প্রদান: Applicant's Copy তে প্রাপ্ত User ID ব্যবহার করে নির্দিষ্ট সময়ের মধ্যে টেলিটকের Prepaid নাম্বার থেকে SMS এর মাধ্যমে BREB নিয়োগ পরীক্ষার ফি বাবদ নির্দিষ্ট পরিমাণ টাকা (শর্তাবলীর ক্রমিক নং-০৪ অনুযায়ী) জমা দিবেন।
প্রথম SMS: BREBHR<SPACE> USER ID SEND TO 16222 নম্বরে পাঠাতে হবে।
Example: BREBHR 654789 SEND TO 16222
উক্ত SMS প্রাপ্তির পর Teletalk হতে প্রার্থীকে জমা স্বাগত জানিয়ে একটি PIN নম্বর এবং পরীক্ষার ফি জমাদানের নির্দেশ দেয়া হবে।
নির্দেশমতে প্রার্থী ২য় SMS এর মাধ্যমে নিম্নোক্ত পদ্ধতিতে পরীক্ষার নির্ধারিত ফি জমা দিবেন:
দ্বিতীয় SMS: BREBHR<SPACE>YES<SPACE>PIN SEND TO 16222
Example: BREBHR YES 12145214 SEND TO 16222 নম্বরে পাঠাতে হবে।
উক্ত SMS প্রাপ্তির পর Teletalk হতে SMS এর মাধ্যমে প্রার্থীকে পরীক্ষার ফি জমাদান নিষ্পন্ন হয়েছে মর্মে অবহিতকরণপূর্বক USER ID ও PASSWORD প্রদান করা হবে।

(জ) আবেদনের সর্বশেষ তারিখ ও সময়ঃ ০৩-০২-২০২০ খ্রিঃ তারিখ বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত। তবে আবেদন ফরম পূরণের সর্বশেষ সময় পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে শুধুমাত্র পরীক্ষার ফি জমা প্রদান করা যাবে।

(ঝ) পরীক্ষার তারিখ, সময়, পরীক্ষা কেন্দ্র ও Admit Card (প্রবেশপত্র) প্রাপ্তি : Admit Card (প্রবেশপত্র) ডাউনলোড/ প্রিন্ট করার নির্ধারিত সময়সীমা SMS/Online Notice এর মাধ্যমে প্রার্থীকে জানিয়ে দেয়া হবে। পরবর্তীতে উক্ত USER ID ও PASSWORD ব্যবহার করে প্রার্থী Admit Card (প্রবেশপত্র) উপরিউক্ত ওয়েবসাইট (http://brebhr.teletalk.com.bd) থেকে ডাউনলোড/ প্রিন্ট করতে পারবেন। উক্ত Admit Card (প্রবেশপত্র) এ পরীক্ষার তারিখ, সময়, পরীক্ষা কেন্দ্র উল্লেখ থাকবে।

০২। শুধুমাত্র ক্রমিক নং-০১ ও ০২ এ বর্ণিত পদের জন্য প্রযোজ্যঃ

(ক) পল্লী বিদ্যুৎ সমিতির বিভিন্ন পদে যোগদানের সময় নিয়োগ প্রার্থী কর্তৃক ৩০০/- (তিনশত) টাকা/প্রযোজ্য মূল্যের নন-জুডিসিয়্যাল স্ট্যাম্পে ৫ (পাঁচ) বছরের জন্য ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার সার্ভিস বন্ড প্রদান করতে হবে। চাকুরির মেয়াদ পাঁচ বছর পূর্ণ হওয়ার পূর্বে কেউ চাকুরী হতে অব্যাহতি গ্রহণ করলে সার্ভিস বন্ড অনুযায়ী তিনি ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা বাপবিবোর্ডে প্রদানে বাধ্য থাকবেন।

(খ) বাপবিবোর্ডে যোগদানের সময় শিক্ষাগত যোগ্যতার সকল মূল সনদপত্র অবশ্যই জমা প্রদান করতে হবে।

০৩। প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা অথবা মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে অথবা অন্য কোন কোটায় আবেদন করতে চাইলে Online-এ আবেদন ফরমের নির্ধারিত ঘর পূরণ করতে হবে।

০৪। Online-এ আবেদনের ক্ষেত্রে প্রদেয় পরীক্ষা ফিঃ
ক্রমিক নং-০১ ও ০২ এ বর্ণিত পদের জন্য ২২৩.০০ (দুইশত তেইশ মাত্র) এবং ক্রমিক নং-০৩ এ বর্ণিত পদের জন্য ১১২.০০ (একশত বার মাত্র) টাকা Teletalk এর Prepaid নাম্বার থেকে SMS এর মাধ্যমে প্রদান করতে হবে।

০৫। নিয়োগের ক্ষেত্রে সরকারি নির্দেশাবলী, কোটা ও নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হবে।

০৬। ১৮ বছর এর কম বয়সীদের আবেদন করার প্রয়োজন নেই।কোন পরীক্ষায় অ্যাপিয়ার্ড প্রার্থীগণের আবেদন বিবেচনা করা হবে না।

০৭। আবেদনপত্র নির্ধারিত তারিখ ও সময়ের পর গ্রহণ করা হবে না।

০৮। সরকারি/ আধা-সরকারি/ স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং এ সংক্রান্ত নির্ধারিত ঘর পূরণ করতে হবে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় জমা দিতে হবে।

০৯। নির্ধারিত সময়ের মধ্যে প্রাপ্ত আবেদনপত্রসমূহ থেকে কেবলমাত্র বাছাইকৃত প্রার্থীদের প্রয়োজন মত লিখিত (MCQ/রচনামূলক), ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক সাক্ষাৎকারের জন্য ডাকা হবে।

১০। প্রতিটি পদের বিপরীতে বর্ণিত শূন্য পদের সংখ্যা নিয়োগ প্রদানকালে কম/বেশি হতে পারে।

১১। প্রার্থী কর্তৃক তার শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা, পঠিত বিষয়, জন্ম তারিখ, বয়স, স্থায়ী ঠিকানা, নিজ জেলাসহ আবেদনপত্রে প্রদত্ত অন্যান্য তথ্য অসম্পূর্ণ বা অসত্য বা অসঙ্গতিপূর্ণ প্রমাণিত হলে তার প্রার্থিতা বাতিল করা হবে এবং এরূপ অসত্য ও উদ্দেশ্যমূলক তথ্য প্রদানের মাধ্যমে নিয়োগপ্রাপ্ত হলেও পরবর্তী যে কোন সময় বিষয়টি বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃপক্ষের গোচরীভূত হলে তাকে চাকুরী হতে বিনা নোটিশে বরখাস্ত এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২। যদি কোন কর্মকর্তা/কর্মচারী কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত চাকুরী ছেড়ে চলে যান তবে তাকে বিধি অনুযায়ী চাকুরীচ্যুত করা হবে এবং বিষয়টি বাপবিবোর্ড এর ওয়েবসাইটে ছবিসহ প্রকাশ করা হবে এবং সংশ্লিষ্ট কর্মকর্তার নিজ জেলার পুলিশ সুপার, জেলা বিশেষ শাখা/ডিআইজি, শহর বিশেষ শাখাকে অবহিত করা হবে।

১৩। চাকুরীর জন্য যে কোন ব্যক্তিগত যোগাযোগ বা তদবির বা সুপারিশ চাকুরি লাভের ক্ষেত্রে অযোগ্যতা বলে গণ্য হবে।

১৪। বাংলাদেশের নাগরিক নয় এরকম কোন ব্যক্তিকে বিয়ে করলে বা বিয়ে করার প্রতিশ্রুতিবদ্ধ হয়ে থাকলে অথবা যদি তিনি পূর্ববর্তী নিয়োগকারী কর্তৃক সততা, নৈতিকস্খলন এর কারণে অপসারিত বা বরখাস্তকৃত হয়ে থাকেন অথবা যদি দেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দন্ডপ্রাপ্ত হয়ে থাকেন তাহলে উক্ত প্রার্থী বা আবেদনকারী নিয়োগ লাভের জন্য বিবেচিত হবেন না।

১৫। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

**সতর্কীকরণঃ**

টাকার বিনিময়ে পল্লী বিদ্যুৎ সমিতিতে কারো চাকুরী হয়না। পল্লী বিদ্যুৎ সমিতিতে কেবলমাত্র নিয়োগ পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে নিয়োগপত্র প্রদান করা হয়ে থাকে। পল্লী বিদ্যুৎ সমিতির চাকুরীর জন্য প্রতারক বা দালালদের কবল হতে সতর্ক থাকুন। কেউ আর্থিক লেনদেনসহ কোন প্রকার প্রতারণা করার চেষ্টা করলে তাকে নিকটস্থ আইন প্রয়োগকারী সংস্থার নিকট সোপর্দ করুন। নিয়োগ সংক্রান্ত কোন সুপারিশ বা তদবীর প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে। কেউ আর্থিক লেনদেনের মাধ্যমে অথবা ভুল তথ্য প্রদানের মাধ্যমে পল্লী বিদ্যুৎ সমিতিতে নিয়োগ প্রাপ্ত হলে চাকুরীর যেকোন পর্যায়ে আইনানুগ ব্যবস্থা (বরখাস্তকরণসহ) গ্রহণ করা হবে।

www.reb.gov.bd

**বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড**
BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD

পবি/জন (                    ) ২০১৯-২০২০

পরিচালক
পবিস মানব সম্পদ পরিদপ্তর
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
সদর দপ্তর ভবন, নিকুঞ্জ-২,
খিলক্ষেত, ঢাকা-১২২৯।